# বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা
ফোনঃ ৮৮-০২-২২৩৩৮৯৮০৭, ০২-২২৩৩৮৯৮০৯
**www.barcouncil.gov.bd**

তারিখঃ ২০-০৮-২০২৩ইং

নং-বিবিসি/এনরোল/২০২৩/১৭৬১

## এনরোলমেন্ট (MCQ) অনলাইন-ফরম-পূরণ বিজ্ঞপ্তি

**২০-০৮-২০২৩ইং তারিখ বিকাল ০৫ঃ০০ ঘটিকা থেকে ২০-০৯-২০২৩ইং তারিখ রাত ১১ঃ৫৯ পর্যন্ত অনলাইনে (http://bar.teletalk.com.bd) বার কাউন্সিল অ্যাডভোকেট তালিকাভুক্তির নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষার ফরম পূরণ চলবে**

এতদ্বারা স্মারক নং বিবিসি/এনরোল/২০২৩/১৭১৮, তারিখঃ ১০-০৮-২০২৩ইং তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বার কাউন্সিলের অ্যাডভোকেট তালিকাভুক্তির আসন্ন MCQ পরীক্ষার অনলাইন ফরম পূরণ প্রক্রিয়া ২০-০৮-২০২৩ইং তারিখ অপরাহ্ণ ০৫ঃ০০ ঘটিকা থেকে ২০-০৯-২০২৩ইং তারিখ রাত ১১ঃ৫৯ পর্যন্ত অনলাইনে (http://bar.teletalk.com.bd) চলবে। বাংলাদেশ লিগ্যাল প্র্যাক্টিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার এন্ড রুল্স, ১৯৭২-এর ২৭নং অনুচ্ছেদ অনুযায়ী যোগ্য ব্যক্তিরা যাদের ৬ মাসের শিক্ষানবিশ-কাল ইতোমধ্যে পূর্ণ হয়েছে অথবা ২০-০৯-২০২৩ইং তারিখে পূর্ণ হবে তারা এবং বিধি নং-৬০(১) এর দ্বিতীয় শর্ত মোতাবেক যোগ্য আগ্রহী প্রার্থীগণ আগামী ২০-০৯-২০২৩ইং তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ করতে পারবেন। **উক্ত তারিখ ও সময় অতিবাহিত হওয়ার পর অনলাইন ফরম পূরণ অ্যাপ্লিকেশন প্রোগাম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং এমসিকিউ পরীক্ষার ফরম পূরণের আর কোনো সুযোগ থাকবে না।**

এমসিকিউ পরীক্ষায় প্রধানত দুই ধরনের প্রার্থী রয়েছেন। যথা- **রেগুলার প্রার্থী** এবং **রি-অ্যাপিয়ার প্রার্থী।**
২০-০৯-২০২৩ইং তারিখে রেজিস্ট্রেশনের মেয়াদ বহাল থাকবে এই ধরনের যেসকল প্রার্থী ইতোপূর্বে কোনো এনরোলমেন্ট এমসিকিউ পরীক্ষায় অংশগ্রহণ করেন নাই সেই সকল প্রার্থী এবং যাদের রেজিস্ট্রেশন ২০-০৯-২০২৩ইং তারিখে মেয়াদোত্তীর্ণ হওয়ায় নতুন করে রি-রেজিস্ট্রেশন করবেন-এই দুই ধরনের প্রার্থী নিয়মিত প্রার্থী (Regular Candidate) হিসেবে অনলাইন ফরম পূরণ করবেন।

পক্ষান্তরে, যেই সব প্রার্থী ইতোপূর্বে এক বা একাধিকবার এনরোলমেন্ট পরীক্ষায় অংশগ্রহণ করেছেন ও যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ আগামী ২০-০৯-২০২৩ইং তারিখে বলবৎ থাকবে কেবলমাত্র সেই সকল প্রার্থী রি-অ্যাপিয়ার প্রার্থী (Re-appear Candidate) হিসেবে অনলাইন ফরম পূরণ করবেন।

পরীক্ষায় অংশগহণের উপযুক্ত প্রার্থীগণকে তাদের নিজ নিজ বার-কাউন্সিল-রেজিস্ট্রেশন-নম্বর ও সন এন্ট্রি করে অনলাইন অ্যাপ্লিকেশন প্রোগামে ফরম পূরণ প্রক্রিয়া শুরু করতে হবে। রি-অ্যাপিয়ার প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ যে পরীক্ষায় (এমসিকিউ/লিখিত/মৌখিক) অংশ নিয়েছিলেন, সেই পরীক্ষার নাম চিহ্নিত করে রোল নম্বর উল্লেখ করে দিতে হবে। অতঃপর ধাপে ধাপে নির্দেশনা অনুযায়ী চাহিত তথ্যাদি নির্দিষ্ট ফিল্ডে সতর্কতার সাথে নির্ভুলভাবে এন্ট্রি দিয়ে যথাস্থানে নিজ নিজ ডিজিটাল পাসপোর্ট সাইজ রঙিন ছবি ও স্ক্যানকৃত স্বাক্ষর আপলোড দিয়ে ফরম পূরণ সম্পন্ন করতে হবে। যথাস্থানে এমসিকিউ পরীক্ষার প্রশ্নপত্র বাংলা কিংবা ইংরেজি যে ভাষায় দেখতে ইচ্ছুক সে ভাষা চিহ্নিত করে দিতে হবে। যে সব প্রার্থীর কাছে বার কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত বৈধ (Valid) রেজিস্ট্রেশন কার্ড রয়েছে এবং ২০-০৯-২০২৩ইং তারিখে বিধি মোতাবেক ৬ মাসের পিউপিলেজ সম্পন্ন থাকছে কেবলমাত্র তারাই অনলাইন ডাটাবেইজে নিজ নিজ ফরম পূরণ প্রক্রিয়া শুরু এবং শেষ করতে পারবেন। ২০-০৯-২০২৩ইং তারিখে বিধি মোতাবেক পিউপিলেজ অসম্পূর্ণ থাকা অথবা উক্ত তারিখে রেজিস্ট্রেশনের মেয়াদ (বৈধতা) অতিক্রান্ত হওয়া প্রার্থীগণের তথ্য অনলাইন অ্যাপ্লিকেশন প্রোগামে অন্তর্ভুক্ত থাকবে না। ২০-০৯-২০২৩ইং তারিখে মেয়াদোত্তীর্ণ রেজিস্ট্রেশনধারী প্রার্থীদেরকে বিধিমালা সাপেক্ষে রি-রেজিস্ট্রেশন করে নিতে হবে এবং উক্তরূপ প্রার্থীদেরকে আগামী দুই সপ্তাহের ভিতর বার কাউন্সিলের অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় সংযুক্ত হয়ে রেজিস্ট্রেশন হালনাগাদ করে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। অন্যথায়, উক্তরূপ রি-রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের তথ্য অনলাইন-এমসিকিউ-ফরম-পূরণ ডাটা-বেইজে অন্তর্ভুক্ত করা সম্ভব হবে না।

বার কাউন্সিল বিধি ৬০এ অনুযায়ী বিগত সময়ে যে সব প্রার্থী অ্যাডভোকেট তালিকাভুক্তি নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তৎপরবর্তীতে পর পর অনুষ্ঠিত ২টি লিখিত পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছেন বা অংশগ্রহণ করতে ব্যর্থ হয়েছেন তাদেরকে পুনরায় MCQ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যে সব প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর বিধি নং ৬০বি এর শর্ত মোতাবেক পর পর তিন বার অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ বা অংশগ্রহণ করতে ব্যর্থ হয়েছেন তাদেরকেও MCQ পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। [পরীক্ষা-বিধি সংক্রান্ত আরও বিস্তারিত জানতে প্রার্থীগণ "বার কাউন্সিল রুল্স্ বই" অনুসরন করতে পারেন।]

পরীক্ষার ফরম পূরণে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে নিজস্ব একটি সচল মোবাইল নম্বর ব্যবহার করে ফরম পূরণের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করতে হবে। উক্ত নির্দিষ্ট নম্বরটি সম্পূর্ণ এনরোলমেন্ট প্রক্রিয়াকালে সচল রাখতে হবে। উক্ত নম্বরে ফরম পূরণ, পরীক্ষার ফি জমা হওয়া প্রভৃতি বিষয়ে এসএমএস দেয়া হবে। উল্লেখ্য, একটি নির্দিষ্ট টেলিটক নম্বর [১৬২২২ এবং ০১৫৫০১৫৫৫৫৫] থেকে পেমেন্ট নিশ্চিতকরণ বার্তা, ইউজার আইডি, পাসওয়ার্ড প্রভৃতি তথ্য পরীক্ষার্থীদের স্ব স্ব মোবাইল নম্বরে প্রেরণ করা হবে।

**নিয়মিত পরীক্ষার্থীগণ (Regular Candidate)** অনলাইন ফরম পূরণের শেষ ধাপে পরীক্ষার ফি বাবদ সর্বমোট **৪,০২০/-** টাকা যে কোনো একটি টেলিটক প্রি-পেইড নম্বর হতে জমা করবেন। **রি-অ্যাপিয়ার পরীক্ষার্থীগণ (Re-appear Candidate)** পরীক্ষার ফি বাবদ অনলাইন ফরম পূরণের শেষ ধাপে সর্বমোট **১,৬৩০/-** টাকা যে কোনো একটি টেলিটক প্রি-পেইড নম্বর হতে জমা করবেন।

**জ্ঞাতব্যঃ**

(১) কোন পরীক্ষার্থীর শিক্ষাগত-যোগ্যতা-নির্দেশক সার্টিফিকেটসমূহে নিজ নামে বা পিতার নামে গড়মিল/অসঙ্গতি থাকলে তাহার আবেদন গ্রহনযোগ্য হবে না।

(২) **অনলাইন ফরম পূরণ প্রক্রিয়ায় ক্ষেত্রমতে রি-অ্যাপিয়ার প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত সংক্রান্ত তথ্যাদি পূরণ করা থাকবে। অন্যান্য ক্ষেত্রে ফরম পূরণ প্রক্রিয়ায় প্রার্থীগণকে নিজ নিজ অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা/ডিগ্রী'র ফলাফলসমূহ [এসএসসি/সমমান থেকে শুরু করে এলএলবি/বার-এট-ল'সহ সর্বশেষ অর্জিত শিক্ষাগত ডিগ্রী পর্যন্ত ১ম/২য়/৩য় বিভাগ/শ্রেনী/সিজিপিএ/গ্রেড- যেখানে যা প্রযোজ্য] সংশ্লিষ্ট সনদ/নম্বরপত্র/গ্রেড শীট অনুযায়ী সতর্কতার সাথে অনলাইন অ্যাপ্লিকেশন ফরমের নির্ধারিত ফিল্ডে সঠিক ও নির্ভুলভাবে উল্লেখ/এন্ট্রি করতে হবে। উল্লেখ্য, অনলাইন ফরম পূরণের সময়ে কোনো তারিখ (যথা জন্মতারিখ/ এনরোলমেন্ট তারিখ প্রভৃতি) উল্লেখ করার ক্ষেত্রে সরাসরি টাইপ না করে স্ক্রীনে প্রদর্শিত ড্রপ ডাউন মেনু ব্যবহার করে দিন, মাস, বছর ইত্যাদি সিলেক্ট করে নির্দিষ্ট তারিখটি এন্ট্রি দিতে হবে। অনলাইন ফরমের নির্ধারিত ফিল্ডে প্রার্থীর পাসপোর্ট সাইজ স্ক্যানকৃত ছবি এবং স্বাক্ষর নির্দেশনা অনুযায়ী প্রদান করতে হবে।**

BANGLADESH BAR COUNCIL ★ DHAKA

(৩) শিক্ষা মন্ত্রনালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃতি প্রাপ্ত নয় এমন বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেটধারীদের প্রার্থীতা বাতিল করা হবে। (বার কাউন্সিল/এনরোলমেন্ট কমিটি/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/আদালত কর্তৃক নিষিদ্ধ কোন বিশ্ববিদ্যালয়ের সনদধারী প্রার্থীরা এবং বিধি মোতাবেক পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য প্রার্থীরা এবং অসত্য/জাল/অসংগতিপূর্ণ তথ্য/কাগজপত্র জমাদানকারী প্রার্থীরা আসন্ন এনরোলমেন্ট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এবং ঐ ধরনের কোন প্রার্থী/প্রার্থীরা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ কোন ক্রমে পেয়ে গেলেও এবং পরীক্ষায় উত্তীর্ণ হলেও তাদের পরীক্ষার ফলাফল পরবর্তীতে নিরীক্ষান্তে বাতিল ঘোষণা করা হবে।)

বিশেষভাবে উল্লেখ্য, এই অনলাইন ফরম পূরণ প্রক্রিয়ায় প্রত্যেক প্রার্থীকে তাদের নিজ নিজ শিক্ষাগত, শিক্ষানবিশ সংক্রান্ত, ক্ষেত্রমতে ইক্যুইভ্যালেন্সি সংক্রান্ত এবং এনরোলমেন্ট-পরীক্ষা-বিধি মোতাবেক এফিডেভিটে উল্লিখিত সকল শর্তাদিসহ পরীক্ষায় অংশগ্রহণের-যোগ্যতা-নির্দেশক যাবতীয় বিষয়ে একটি ভার্চুয়াল ডিক্ল্যারেশন আবশ্যিকভাবে প্রদান করতে হবে, যা প্রথাগত হার্ড-কপি ফরম্যাটের নথিসমূহের অনুরূপ কাজ করবে। এনরোলমেন্ট এম.সি.কিউ ও তৎপরবর্তী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে অনলাইন ফরম পূরণের সময় প্রদেয় সকল প্রকার তথ্যের সমর্থনে শিক্ষাগত সকল সনদ ও নম্বরপত্র, পাসপোর্ট সাইজ ছবি (অনলাইন আবেদনে আপলোডকৃত অনুরূপ ছবি), প্রযোজ্যক্ষেত্রে ইক্যুইভ্যালেন্সি সনদ এবং বার কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন কার্ড প্রভৃতি নথির সত্যায়িত অনুলিপি, শিক্ষানবিশ সংক্রান্ত জি-ফরম, কেইস লিস্ট এবং এফিডেভিটসহ বিধি মোতাবেক যাবতীয় কাগজাদির হার্ডকপি মৌখিক পরীক্ষার পূর্বে বার কাউন্সিল অফিসে দাখিল করতে হবে। **অনলাইন ফরম পূরণে প্রদেয় তথ্যাদি এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হ'লে দাখিলকৃত সনদ, মার্ক শীট, জি-ফরম, এফিডেভিট প্রভৃতি নথির তথ্যাদির মধ্যে কোনো প্রকার গড়মিল গ্রহণযোগ্য হবে না। যদি কোনো প্রার্থী অনলাইন ফরম পূরণে কিংবা হার্ড-কপি ফরম্যাটের সনদ/নথিতে কোনো প্রকার ভুল/অসত্য/অসংগতিপূর্ণ/মিথ্যা তথ্য প্রদান করেন তা হলে এনরোলমেন্ট প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং ক্ষেত্রমতে মিথ্যা তথ্য প্রদানের জন্য বিধি মোতাবেক বার কাউন্সিলের পরবর্তী পরীক্ষাসমূহে অংশগ্রহণ নিষিদ্ধকরণসহ আইনগত পদক্ষেপ নেওয়া হবে।**

অনলাইন আবেদন পূরণের জন্য প্রার্থীগণকে নিম্নলিখিত ওয়েব সাইট ব্যবহার করতে হবেঃ
**www.barcouncil.gov.bd or** http://bar.teletalk.com.bd

সফলভাবে অনলাইনে দরখাস্ত দাখিল করার পর পূর্বে বর্ণিত পরিমাণ অর্থ পরীক্ষায় অংশগ্রহণের ফি বাবদ প্রার্থীগণ যে কোনো একটি টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে প্রদান করবেন। পরীক্ষার ফি প্রদানের পরই দরখাস্ত চূড়ান্তভাবে দাখিল হয়েছে মর্মে নিশ্চিত হওয়া যাবে। **উল্লেখ্য, পূরণকৃত অনলাইন ফর্মে কোনো তথ্যগত ভ্রান্তি দেখা দিলে অর্থাৎ কোনো ভুল তথ্য এন্ট্রি দেয়া হয়ে গেলে তা সংশোধনের সুযোগ থাকে না। তদ্রুপ ক্ষেত্রে অনলাইনে পুনরায় ফর্ম পূরণ ও সাবমিট করা যাবে। কিন্তু পরীক্ষার ফি প্রদান করা হয়ে গেলে আর কোনো ফর্ম পূরণ করা যাবে না।**

ফি প্রদানের পদ্ধতি নিম্নে উল্লেখ্য করা হলোঃ

প্রার্থীগণকে একটি টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হইতে ২টি এসএমএস প্রেরণ করতে হবে। এসএমএস ফরম্যাট নিম্নরূপঃ

**1st SMS:**
BAR<space>USER ID and send to 16222
Reply: Applicants Name, Candidate's Type and PIN

**2nd SMS:**
BAR<space>YES<space>PIN and send to 16222
Reply: Congratulations, Confirmation of payment with USER ID & PASSWORD

N.B: Please preserve the USER ID and PASSWORD carefully for future use.

এসএমএস ২টি প্রেরণের পর পূর্বোল্লিখিত নির্দিষ্ট টেলিটক নম্বর [১৬২২২ এবং ০১৫৫০১৫৫৫৫৫] হতে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সাথে সংরক্ষন করতে হবে। পরবর্তীতে অ্যাডমিট কার্ড, অ্যাপ্লিক্যান্ট কপি প্রভৃতি সংগ্রহের জন্য উক্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রয়োজন হবে।

**অনলাইনে ফরম পূরণের সর্বশেষ তারিখঃ ২০-০৯-২০২৩ইং রাত ১১:৫৯ মিনিট।**

**নির্ধারিত তারিখ ও সময় অতিবাহিত হয়ে যাওয়ার পর অনলাইন ফরম পূরণ প্রোগ্রামটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং এমসিকিউ পরীক্ষার ফরম পূরণের আর কোনো সুযোগ থাকবে না। সেই কারণে নির্ধারিত তারিখের পরে এমসিকিউ পরীক্ষার ফরম দাখিলের জন্য নতুন করে কোনোরূপ আবেদন/নিবেদন/দরখাস্ত গ্রহণ করা হবে না।**

**অনলাইনে অ্যাডমিট কার্ড সংগ্রহের সময়সূচী এবং পরীক্ষার তারিখ, ভেন্যু ও সময় পরবর্তীতে যথাসময়ে জানানো হবে।**

পরীক্ষার সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (**www.barcouncil.gov.bd**) প্রকাশ করা হবে।

আদেশক্রমে,
২০.০৮.23
(ওয়াহিদুজ্জামান শিকদার)
সচিব
বাংলাদেশ বার কাউন্সিল
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
গ্রেড-১

নং-বিবিসি/এনরোল/২০২৩/১৬৭১এ(৮৪), তারিখ: ২০-০৮-২০২৩ইং

সদয় অবগিত ও নোটিশ বোর্ডে সংযুক্ত করে প্রচারের অনুরোধসহ অনুলিপি সম্পাদক, ............................................... আইনজীবী সমিতির বরাবরে প্রেরণ করা হলো।

BANGLADESH BAR COUNCIL DHAKA

(মাহফুজুল মুর্শেদ)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ বার কাউন্সিল